



“বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, সিলেট  
এর প্রাথমিক অবকাঠামো নির্মাণ (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্প  
বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরেবাংলা নগর ঢাকা।



স্মারক নং: ৫৬.০২.০০০০.০০৯.০১.০০৩.১৯-১৪৪২

তারিখ: ১৩/০১/২০২১ খ্রি.

### নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন “বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, সিলেট এর প্রাথমিক অবকাঠামো নির্মাণ (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পের প্রকল্পকালীন মেয়াদের জন্য অস্থায়ী ভিত্তিতে প্রকল্প নিয়ন্ত্রণিত শূন্য পদ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ উল্লেখ্য প্রকল্পের মেয়াদ ৩১ শে ডিসেম্বর ২০২১ পর্যন্ত।

ক্রঃ নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল	যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	০২ (দুই) টি	জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী গ্রেডঃ ১৩ এ সাকুল্য বেতন-ভাতা প্রাপ্য	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যান্য দ্বিতীয় শ্রেণীর মাত্রক বা সমমানের ডিগ্রি। বাংলা ও ইংরেজি টাইপিং এ প্রতি মিনিটে যথাক্রমে অন্যান্য ২০ ও ৩০ শব্দরে গতিসম্পন্ন হইতে হবে। কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত।	টাঙ্গাইল ও বগুড়া জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন।

- সকল প্রার্থীকে অনলাইনে <https://erecruitment.bcc.gov.bd> ওয়েবসাইটের মাধ্যমে আগামী ১৪/০১/২০২১ তারিখ থেকে ৩১/০১/২০২১ তারিখের মধ্যে আবেদন করতে হবে। অনলাইন(online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।
- অনলাইন (online) আবেদনের জন্য <https://erecruitment.bcc.gov.bd> ওয়েবসাইটের প্রবেশ করে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের জন্য ই-মেইল ও মোবাইল নম্বর আবশ্যিক। নিবন্ধন সম্পন্ন হওয়ার পর নিবন্ধনকারীর ই-মেইলে [erecruitment](https://erecruitment.bcc.gov.bd) কর্তৃক ই-মেইলে এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। ই-মেইল এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করে আবেদনের প্রয়োজনীয়তা খাপ সম্পন্ন করতে হবে (প্রয়োজনে সংশ্লিষ্ট ওয়েবসাইট হতে নিবন্ধন ম্যানুয়াল ও আবেদন ম্যানুয়াল অনুসরণ করতে হবে)।
- ৩। আবেদনের শর্তাবলীঃ**
  - ১৪/০১/২০২১ খ্রিঃ তারিখে আবেদনকারীর বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। বর্ণিতপক্ষে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেবিট গ্রহণযোগ্য নয়।
  - লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদ, প্রার্থীর জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভা মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র আথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে। উল্লেখ্য যে, আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভা মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সঙ্গে আনতে হবে। এছাড়া সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঞ্জিন ছবিসহ সকল সনদের একসেট ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ফটোকপি সঙ্গে আনতে হবে।
  - সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। এক্ষেত্রে অগ্রিম কপি গ্রহণযোগ্য নহে।
  - প্রদত্ত কোন তথ্য অসত্য প্রমাণিত হলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। চাকুরী প্রাপ্তির পরও যে কোন পর্যায়ে তার সনদপত্র/প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হলে তাঁকে চাকুরী থেকে তাৎক্ষণিকভাবে বরখাস্ত করা হবে এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
  - পরীক্ষার তারিখ, সময় ও স্থান ওয়েবসাইটে জানানো হবে। প্রবেশপত্র <https://erecruitment.bcc.gov.bd> থেকে ডাউনলোড করা যাবে। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।
  - পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য প্রার্থীগণ কোন ভ্রমণভাতা বা দৈনিকভাতা প্রাপ্য হবেন না।
  - ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- নিয়োগকৃত কর্মচারীর চাকুরী বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১১ দ্বারা নিয়ন্ত্রিত হবে। তবে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধিবিধান প্রযোজ্য ক্ষেত্রে কার্যকর হবে।
- অত্র বিজ্ঞপ্তি ও নিয়োগ সংক্রান্ত সকল তথ্য বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ওয়েবসাইটে ([www.bhtpa.gov.bd](http://www.bhtpa.gov.bd)) পাওয়া যাবে।

(ব্যারিস্টার মো: গোলাম সরওয়ার ডুইয়া)  
প্রকল্প পরিচালক